

তারিখ: 07/09/2012

**আরবিআইকিউ: আর্থিক সাক্ষরতা প্রসারে আরবিআই-এর আন্তঃ বিদ্যালয় প্রমোত্তর পরিচালনা**

সেপ্টেম্বর 10, 2012 থেকে শুরু করে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক একটি সর্ব ভারতীয় আন্তঃ বিদ্যালয় প্রমোত্তর চালু করবে আরবিআইকিউ নামে- বিদ্যালয় স্তরে আর্থিক সাক্ষরতা প্রসারে একটি নতুন উদ্যোগ- যাকে আরবিআই প্রমোত্তর অথবা রিজার্ভ ব্যাঙ্ক বুধ্যঙ্কও বলা যায়-প্রমোত্তরটি পরিচালনা করা হবে নবম, দশম, একাদশ এবং দ্বাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে। এই বছরে, পঞ্চদশদর্শক প্রচেষ্টা হিসেবে, সমগ্র দেশের সব বোর্ডের বাছাই কিছু বিদ্যালয়কে অংশগ্রহণ করার জন্য ডাকা হয়েছে।

আরবিআইকিউ পরিচালনা করা হচ্ছে

-রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা এবং ইতিহাস, ব্যাঙ্কিং এবং বিত্ত, অন্যান্য ব্যাঙ্কিং প্রতিষ্ঠান, অর্থনীতি, বর্তমান ঘটনা, ব্যক্তিত্ব এবং বিষয় যা বহু বছর ধরে ভারতের বৃদ্ধি ও অগ্রগতিতে অবদান রেখেছে সেগুলি সম্বন্ধে সচেতনতা এবং আগ্রহ তৈরি করতে;

-সমগ্র দেশব্যাপী বিদ্যালয়ে তালিকাভুক্ত তরুন ছাত্রসমাজ এবং রিজার্ভ ব্যাঙ্কের মধ্যে যোগাযোগ তৈরি করতে এবং ব্যাপকভাবে আর্থিক সাক্ষরতা প্রচার-প্রসার করতে; এবং

-সর্বভারতীয় মঞ্চে উজ্জ্বল তরুন ছাত্রদের চিহ্নিত করতে এবং উৎসাহ দিতে।

এই প্রমোত্তর প্রতিযোগিতায় প্রশ্ন হবে রিজার্ভ ব্যাঙ্ক, ভারতে ব্যাঙ্কের ইতিহাস, ব্যাঙ্কিং, এ্যাকাউন্টিং, বিত্ত সংস্থান, ব্যবসা-বাণিজ্য, ভারতের অর্থনীতি, অর্থনীতি, সাধারণ বাণিজ্যিক পরিভাষা, বিগত 77 বছরে (রিজার্ভ ব্যাঙ্কের সূচনা থেকে) ভারতের অবদান-এর ওপরে, এর সঙ্গে কিছু সাধারণ জ্ঞান এবং সাম্প্রতিক ঘটনাও থাকবে। প্রশ্নের ফর্মটি আকর্ষক করা হবে যাতে অংশগ্রহণকারী এবং শ্রোতা-দর্শকগণ যুক্ত হতে পারেন এবং আলোচিত বিষয়বস্তু সম্পর্কে অধিক জানতে উৎসাহী হন। এটি সঞ্চালিত হবে দেশের একজন বিখ্যাত প্রমোত্তর মাস্টার শ্রী ব্যারি ও'ব্রায়েন এবং তাঁর নিয়মিত সহকর্মী ও সহ-সঞ্চালক, শ্রী রিয়ান শ্য কর্তৃক, যাঁরা রিজার্ভ ব্যাঙ্ককে প্রমোত্তর উদ্ভাবনায় সাহায্যও করেন।

30 টিরও বেশি শহরে বাছাইপর্ব চলার পরে, আঞ্চলিক ফাইনাল নভেম্বর, 2012-এর মাঝামাঝি অনুষ্ঠিত হবে এবং জাতীয় ফাইনাল হবে ডিসেম্বর, 2012-এর তৃতীয় সপ্তাহে মুম্বাইতে। রিজার্ভ ব্যাঙ্কের গভর্নরের হাত দিয়ে বিজেতাদের আকর্ষক পুরস্কার দেওয়া হবে। সমস্ত অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের জন্য শংসাপত্র দেওয়া হবে।

অল্পনা কিল্লাওয়ালা  
মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2012-2013/405